

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৬৩(শৃঙ্খলা)/(২০১৭-১৮)/২০১৮-২০১৯/

তারিখঃ ০৯.০৫.২০১৯ খ্রিঃ

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব নূপুর কৃষ্ণ মন্ডল, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, (সহকারী মহাব্যবস্থাপক), বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ভোলা ইতোপূর্বে ঝালকাঠি অঞ্চলাধীন বিকেবি, নলছিটি শাখায় ব্যবস্থাপক (উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা) হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর অধীনে শৃঙ্খলাসম্পর্কিত ৩৮ (ক), (খ) ও (ঘ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতামূলক অপরাধের জন্য ২০/১৭-১৮ নং বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রুজু করিয়া অত্র বিভাগের ৩১-১২-২০১৭ খ্রিঃ তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৬৩/২০১৭-২০১৮/২২৭৯ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন ;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব নূপুর কৃষ্ণ মন্ডল আপনার বিরুদ্ধে প্রমিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক আপনাকে গুরুদণ্ডে দণ্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরুদণ্ডে দণ্ডিত করা হইবে না-এই মর্মে অত্র বিভাগের ২১-০১-২০১৯ খ্রিঃ তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৬৩(১৭-১৮)/২০১৮-১৯/২২৫৮ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল ;

০৪। যেহেতু আপনি জনাব নূপুর কৃষ্ণ মন্ডল অত্র বিভাগের ২১-০১-২০১৯ খ্রিঃ তারিখের উক্ত চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব নূপুর কৃষ্ণ মন্ডল আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতামূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরুদণ্ড তথা নিম্নতর বেতনক্রমে অবনতকরণের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন ;

০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ)(অ) প্রবিধি অনুসারে আপনি জনাব নূপুর কৃষ্ণ মন্ডল আপনাকে নিম্নতর বেতনক্রমে অবনতকরণের আদেশ দিলেন। এছাড়াও কর্তৃপক্ষ আপনি জনাব নূপুর কৃষ্ণ মন্ডল আপনার উপর প্রদত্ত রায় সংশ্লিষ্ট নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন ;

“(ক) নিম্নতর বেতনক্রমে আপনার মূল বেতন ৫০,০০০/- টাকায় নির্ধারণ করা হবে (বর্তমানে প্রাপ্ত মূল বেতন ৫৬,২৫০/- টাকার স্থলে ৫০,০০০/- টাকায় নির্ধারণ করা হবে)।

(খ) এ দণ্ডের আদেশ জারীর তারিখ হতে ৩১-০৩-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

(গ) দণ্ড বলবৎ থাকাকালীন সময়ে বিধি মোতাবেক বার্ষিক বেতন বর্ধন সুবিধা প্রদান করা হবেনা।

(ঘ) দণ্ডের মেয়াদ অতিবাহিত হওয়ার পর দণ্ড প্রদানের পূর্বের বেতনক্রমে পুনর্বহাল হবেন, তবে মূল বেতন দণ্ড প্রদানের পূর্বে প্রাপ্ত মূল বেতনের সমপরিমাণ অর্থাৎ ৫৬,২৫০/- টাকায় নির্ধারণ করা হবে। দণ্ড বহাল থাকাকালীন সময়ের জন্য কোন বকেয়া বেতন ভাতাদি প্রাপ্য হবেন না।”

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব নূপুর কৃষ্ণ মন্ডল (এন-১৪৩০)
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
সহকারী মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ভোলা।

স্বাক্ষরিত

(লুৎফুন নাহার নাভ)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৬৩(শৃঙ্খলা)/(২০১৭-১৮)/২০১৮-২০১৯/

৩৪২৭ (৭)

তারিখঃ ০৯.০৫.২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, বরিশাল।

০৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।

০৬। উপ-মহাব্যবস্থাপক, পরিধারন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

১০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বরিশাল।

০৯। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ভোলা। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব নূপুর কৃষ্ণ মন্ডল এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

১০। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ঝালকাঠি।

১১। ব্যবস্থাপক, বিকেবি, নলছিটি শাখা, ঝালকাঠি।

১২। নথি/ মহানথি / মূলনথি।

০৯/০৫/২০১৯
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক